দৈনিক ইত্তেফাক

তারিখ ... 07 NOV 1997
পৃষ্ঠা ১ কলাম ৮

75

# প্রাইমারী শিক্ষক পদে পরীক্ষা ঃ ২য় পর্যায়ের ফলাফল

১৯৯৭ সনে গৃহীত সহকারী শিক্ষক পদের লিখিত পরীক্ষায় মোট ৫,৫১২ জন প্রার্থী উত্তীর্ণ হইয়াছে। উত্তীর্ণ প্রার্থীদের মধ্য হইতে ১ ঃ ৩ অনুপাতে মৌখিক পরীক্ষার জন্য প্রার্থী নির্বাচন করিয়া গত ১৬ই অক্টোবর ফলাফল প্রকাশ করা হয়। প্রাথমিকভাবে মোট ৪৩২৮ জন প্রার্থীকে মৌখিক পরীক্ষার জন্য নির্বাচিত করা হয়। উপরোক্ত পরীক্ষায় বিদ্যমান শূন্য পদের বিপরীতে অতি স্বল্পসংখ্যক প্রার্থী উত্তীর্ণ হওয়ায় লিখিত পরীক্ষায় উত্তীর্ণ সকল প্রার্থীকে অর্থাৎ ৫,৫১২ জনকেই মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ প্রদানের জন্য সরকার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে। সিদ্ধান্তের আলোকে উত্তীর্ণ অবশিষ্ট ১,১৮৪ জন প্রার্থীকে মৌখিক পরীক্ষার জন্য সাময়িকভাবে নির্বাচন করা হইয়াছে। মৌখিক পরীক্ষার স্থান, তারিখ ও সময় পরে প্রার্থীকে জানান হইবে।